দৈনিক ইনকিলাব

তারিখ ... 08 NOV 1997
পৃষ্ঠা 7 কলাম 2

ইঃবিঃ ভাইস চ্যান্সেলর

# নারী শিক্ষার প্রসার ব্যতীত সমাজের উন্নয়ন সম্ভব নয়

ইঃবিঃ রিপোর্টার : ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর মোঃ কায়েস উদ্দীন বলেছেন, নারী শিক্ষার প্রসার ব্যতীত সমাজের উন্নয়ন সম্ভব নয়। তিনি বলেন, আমাদের সমাজের স্বল্পসংখ্যক নারী উচ্চশিক্ষার সুযোগ পাচ্ছে। তাই এসব উচ্চ শিক্ষিতাদের সমাজের উন্নয়ন কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে। খালেদা জিয়া হলকর্তৃপক্ষ আয়োজিত নবনিযুক্ত ভাইস চ্যান্সেলর প্রফেসর মোঃ কায়েস উদ্দিনকে প্রদত্ত সম্বর্ধনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। খালেদা জিয়া হলের প্রভোস্ট ডঃ মোঃ আব্দুস সাত্তারের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ট্রেজারার মোঃ মাহতাব উদ্দিন সরকার। বিশেষ অতিথির বক্তব্যে তিনি বলেন, আমাদের সমাজে মেয়েরা এখনও অবহেলিত। বিভিন্ন ক্ষেত্রে তারা বঞ্চিত ও নির্যাতিত হচ্ছে। তাই সমাজে নিজ যোগ্যতা দিয়ে মেয়েদের স্থান করে নিতে হবে।

পুঁথিগত বিদ্যার পাশাপাশি শিল্প সাহিত্যের বিভিন্ন ক্ষেত্রে তাদের পারদর্শিতা অর্জন করতে হবে। সভাপতির বক্তব্যে প্রভোস্ট ডঃ আব্দুস সাত্তার বলেন, রাজনৈতিক মতাদর্শগত পার্থক্য থাকা সত্ত্বেও খালেদা জিয়া হলে শান্তিপূর্ণ পরিবেশ বিরাজ করছে। বিভিন্ন দলের ছাত্রীদের মধ্যে সুন্দর সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক বজায় রয়েছে। ক্রীড়া ও সাংস্কৃতিক ক্ষেত্রে এই হলের ছাত্রীরা প্রতিভার স্বাক্ষর রেখেছে। উক্ত সম্বর্ধনা অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, আবাসিক শিক্ষক আব্দুল বাছির এবং প্রভাষক আবিদা সুলতানা। মানপত্র পাঠ করেন, শেগুপ্তা আশরাফ। ছাত্রীদের মধ্য থেকে বক্তব্য রাখেন, মমতাজ বেগম। অনুষ্ঠানটি উপস্থাপনা করেন রাজিয়া আলম সীমা। শেষে এক সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্যারোডি গানের মাধ্যমে ছাত্রীরা তাদের সমস্যার কথা উপস্থাপন করেন। ভাইস চ্যান্সেলর এবং ট্রেজারার ছাত্রী হলের সমস্যা সমাধানে প্রতিশ্রুতি দেন।

03